

৯৯

জগন্নাথপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়

শিক্ষক সংকটসহ নানা অনিয়মের
ফলে শিক্ষা কার্যক্রম ব্যাহত

জগন্নাথপুর (সুনামগঞ্জ) : জগন্নাথপুর থানা সদর এলাকায় অবস্থিত জগন্নাথপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়টিতে দীর্ঘদিন যাবৎ শিক্ষক সংকটের কারণে ছাত্রীদের লেখাপড়া সৃষ্টভাবে হচ্ছে না। তাছাড়া বিদ্যালয়ে কর্মরত প্রধান শিক্ষিকা জ্যোৎস্না রানী দে'র বিরুদ্ধে রয়েছে নানা অনিয়মের অভিযোগ। বিদ্যালয়ের ছাত্রীরা ও অভিভাবক মহল জানান, প্রধান শিক্ষিকা তার উচ্ছেমত বিদ্যালয়ে আসা-যাওয়া করে থাকেন। বছরের প্রায় মাঝামাঝি সময় পর্যন্তও ছাত্রীদের কোন অঙ্কের ক্লাস করানো হয়নি বলে অধিকাংশ ছাত্রী অভিযোগ করেন। শুধু তাই নয়, কোনো অভিভাবক প্রধান শিক্ষিকার সাথে বিদ্যালয়ের শিক্ষা সংশ্লিষ্ট কোন বিষয় নিয়ে আলোচনা করতে গেলে নানা অজুহাত দেখিয়ে তাদের বিদায় করে দেয়া হয়। তাছাড়া করণিক না থাকায় একজন শিক্ষককে দিয়ে সেই কাজ করানো হয়। ফলে ওই শিক্ষক তার উচ্ছেমত বর্তমানে বিদ্যালয়ে আসা-যাওয়া করছেন।

১৯৭৯ সালে স্থাপিত বিদ্যালয়টিকে ৮৬ সালে সরকারিকরণ করা হয়। বর্তমানে এতে অধ্যয়নরত ছাত্রী সংখ্যা ৪৮০ জন।

তাদের জন্য নিযুক্ত রয়েছে মাত্র ৬ জন শিক্ষক। প্রধান শিক্ষিকা শিক্ষক সংকটের অজুহাত দেখিয়ে সাড়ে ৩টা পর্যন্ত বিদ্যালয়ের ক্লাস চলার নিয়ম থাকলেও ছুটি দিয়ে দেন দুপুর ১টায়। বিদ্যালয়ে নতুন শিক্ষক যোগদান করলেও কিছুদিন থাকার পর চলে যান। এর কারণ হিসেবে জানা গেছে, দীর্ঘদিন যাবৎ এখানে কর্মরত শিক্ষক মহানন্দ সরকারের নেতৃত্বে না চললে তাদের বিরুদ্ধে নানা অপবাদ দেয়া হয়। ফলে নতুন যোগদানকারী শিক্ষকরা বাধ্য হন অন্যত্র চলে যেতে। তাছাড়া বিদ্যালয়ে রয়েছে আসবাবপত্রের তীব্র সংকট। খেলাধুলা এবং শরীর চর্চারও কোন ব্যবস্থা নেই।

ছাত্রীরা অভিযোগ করেছে, বছর চলে গেলেও বিজ্ঞান বিভাগের কোন ক্লাস হয়নি। কর্মরত বিজ্ঞান বিভাগের শিক্ষক মহানন্দ সরকার রীতিমত ক্লাস নিচ্ছেন না বলে বিজ্ঞান বিভাগের অধিকাংশ ছাত্রী পরীক্ষায় অকৃতকার্য হয় বলেও অভিযোগ রয়েছে। বিদ্যালয়টির লেখাপড়ায় বিঘ্ন ঘটায় কারণে অভিভাবক মহল তাদের শিক্ষার্থী কন্যা সন্তানদের নিয়ে দারুণ শঙ্কার ভেতরে রয়েছেন বলে জানা গেছে।